

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬২.২৭.০০১.১৬- ৬৬৫

তারিখঃ ২২ ডিসেম্বর ২০১৮খ্রিঃ।

বিষয় : টেকনিক্যাল টিচার ট্রেনিং কলেজ, ঢাকা পরিদর্শন সম্পর্কিত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : (১) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০৬২.২৭.০০১.১৬.২৯১ তারিখ : ১০ ডিসেম্বর, ২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে তীর সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২০-১১-২০১৮ তারিখে পরিচালক (পিআইডব্লিউ) এবং নিম্নস্বাক্ষরকারী তীর প্রতিষ্ঠানের পরিদর্শন করেন। পরিদর্শনের সময়ে তীর প্রতিষ্ঠানের ৪টি ব্যাংক একাউন্ট রয়েছে মর্মে জানা গিয়েছে। ব্যাংক একাউন্টের হিসাব বিবরণী ক্যাশ বহি এবং বিল ভাউচার আপ টু ডেট না থাকায় তা পরবর্তীতে প্রেরণ করবেন মর্মে তিনি পরিচালক (পিআইডব্লিউ) মহোদয়কে জানিয়েছেন।

২. একাউন্ট সমূহ হল :

১. প্রতিষ্ঠানের সরকারী একাউন্ট
২. প্রতিষ্ঠানের বেসরকারী একাউন্ট
৩. প্রতিষ্ঠানের হোস্টেল / ডরমেটরী হিসাব এবং
৪. প্রতিষ্ঠানের ট্রেনিং সংক্রান্ত যাবতীয় হিসাব।

৩. পরিচালক(পিআইডব্লিউ) মহোদয়ের নির্দেশে নিম্নস্বাক্ষরকারী তীর কার্যালয়ে ইনস্ট্রাক্টর জনাব শামিম আহম্মেদ (হোস্টেল ইনচার্জ), রেজিস্ট্রার জনাবা ইশরাত জাহান (ট্রেনিং এর দায়িত্বপ্রাপ্ত) এবং তীর সহিত যোগাযোগ করে বর্ণিত ক্যাশ বহি, ভাউচার এবং ব্যাংক স্টেটমেন্ট সহ অন্যান্য কাগজপত্র সত্ত্বর প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি কোন কাগজপত্র প্রেরণ করা হয়নি।

৪. ইতিমধ্যে তীর সাথে একাধিক বার টেলিফোনে অনুরোধ করা হলেও তিনি খুব শীঘ্রই পাঠিয়ে দেবেন মর্মে অঙ্গীকার করেছিলেন। কিন্তু অদ্যাবধি কোন কাগজপত্র পাওয়া যায়নি। ফলে পরিদর্শন প্রতিবেদন দাখিল করা যাচ্ছে না।

এমতাবস্থায়, তীর প্রতিষ্ঠানের পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন দাখিলের স্বার্থে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের জন্য নির্দেশক্রমে তাকে অনুরোধ করা হল।

✓ প্রাপক: জনাব মো: রমজান আলী  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
টেকনিক্যাল টিচার ট্রেনিং কলেজ, ঢাকা।

(প্রকৌ. মো: খুরশিদ আলম)

সহকারী পরিচালক

(পিআইইউ ও পিআইডব্লিউ)

[dte.piw@gmail.com](mailto:dte.piw@gmail.com)

২১১২১৫

অনুলিপিঃ

১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT সেল (পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. নথি।